



তারিখ: ১৪ নভেম্বর, ২০২৩ইং


ধন্যবাদ জ্ঞাপন

১৩ নভেম্বর, ২০২৩ শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির ৩য় সমাবর্তন অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারী, সাপোর্ট স্টাফ, গার্ল গাইডস্, রোভার স্কাউট, বন্ধুসভার সদস্য, ছাত্র-ছাত্রী এবং অনুষ্ঠানের সাথে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ। সকলের আন্তরিক প্রচেষ্টা এবং নিরলস পরিশ্রমে অত্র বিশ্ববিদ্যালয়ের ৩য় সমাবর্তন-২০২৩ সাফল্যের সঙ্গে সুসম্পন্ন হয়েছে।

বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ-এর মাননীয় চেয়ারম্যান শিল্পী প্রফেসর মোস্তাফিজুল হক মহোদয়কে যাঁর নির্দেশনা, সার্বিক তত্ত্বাবধান ও সহযোগিতা ব্যতীত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে এ যাবৎ কালের বৃহৎ পরিসরে আয়োজিত ৩য় সমাবর্তন অনুষ্ঠান সুসম্পন্ন দুরূহ হতো। কৃতজ্ঞতা জানাই বোর্ড অব ট্রাস্টিজের সকল মাননীয় সদস্যবৃন্দকে, তাঁদের সার্বিক সহযোগিতার জন্য।

সফলভাবে সমাবর্তনের কাজ সম্পন্ন করার লক্ষে গঠিত বিভিন্ন কমিটি ও উপ-কমিটির সভাপতি, সদস্য-সচিবসহ সকল সদস্যদের আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা। ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনসহ যে কোন অনুষ্ঠান আয়োজনে সকলে একসঙ্গে কাজ করবো বলে আমার দৃঢ় বিশ্বাস।

আমাদের গর্বের শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির উত্তরোত্তর সমৃদ্ধি এবং উন্নতি কামনা করছি।


৩৪/১১/২৩
প্রফেসর ড. মোঃ শাহ্‌ই-আলম
উপাচার্য

